

‘১ম বার্ষিক শিল্পকর্ম প্রদর্শনী-২০১৮’ এর সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত



‘শিল্প-সৃজনে আলোকিত হই’ স্লোগানকে সামনে রেখে ‘১ম বার্ষিক শিল্পকর্ম প্রদর্শনী-২০১৮’ এর সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান ৪ নভেম্বর-২০১৮, রবিবার বেলা ১২:০০টায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান। চারুকলা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক মোহাঃ আলপ্তগীন এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে শিল্পী অধ্যাপক সমরজিৎ রায় চৌধুরী, শিল্পী অধ্যাপক সৈয়দ আবুল বারক আলভী, ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদের ডিন অধ্যাপক নিসার হোসেন উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন চারুকলা বিভাগের সহযোগী অধ্যাপক ড. বজুলের রশিদ খান।



বিশ্ববিদ্যালয় দিবস-২০১৮ উপলক্ষে ২২ অক্টোবর উপাচার্য একাডেমিক ভবনের নিচতলায় ‘১ম বার্ষিক শিল্পকর্ম প্রদর্শনী-২০১৮’ এর উদ্বোধন করেছিলেন এবং আজ (৪ নভেম্বর) পর্যন্ত সকলের জন্য উন্মুক্ত ছিল। উল্লেখ্য, চারুকলা বিভাগ এবারই প্রথম বারের মতো বার্ষিক শিল্পকলা প্রদর্শনীর আয়োজন করে। এতে বিভাগের শিক্ষক ও ছাত্র-ছাত্রীদের তৈরি করা ছবি ও অন্যান্য শিল্প কর্ম স্থান পায়।